

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
ক্রয় ও সংগ্রহ অধিশাখা
www.mohfw.gov.bd

নং- ৪৫.১৬৫.০৩২.০৩.০০.০০২.২০১৫-৩৫৪

তারিখ: ৩০-১২-২০১৯ খ্রি:

বিষয়: এমএনসিএন্ডএইচ ওপির ২০১৯-২০২০ অর্থ বছরে জিওবি (উন্নয়ন) খাতে অতিরিক্ত বরাদ্দের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ
প্রশাসনিক অনুমোদন

সূত্র: স্মারক নং-স্বাঃঅধিঃ/ইপিআই/প্রশাসন-৩৬৭/২০১৯/১৯৮৩, তাং-৫-১২-২০১৯ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, Maternal Neonatal Child and Adolescent Health (MNC&AH) এর প্রস্তাব মোতাবেক উক্ত ওপির ২০১৯-২০২০ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের ৪টি প্যাকেজের বিপরীতে (২৫৩৩.২৪+২০৭.২৭+ ৬৭৯.৮৫+২০৯.৬০)=৩৬২৯.৯৬ লক্ষ (ছত্রিশ কোটি উনত্রিশ লক্ষ ছিয়ানকই হাজার) টাকা প্রাক্কলিত মূল্যের অতিরিক্ত বরাদ্দের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস)-এ নিম্নবর্ণিত শর্তে প্রশাসনিক অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ এবং বিদ্যমান সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (খ) প্যাকেজ নং-২৮, ২৯ ও ৩০ এর পণ্যসমূহ ক্রয়ের ক্ষেত্রে ওটিএম পদ্ধতি অনুসরণ করতে হবে;
- (গ) বর্ণিত প্যাকেজের চুক্তি মূল্য অনুমোদিত ওপিতে সংস্থানকৃত মূল্যের মধ্যে থাকতে হবে এবং বাজার মূল্যের সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে;
- (ঘ) বাজেটে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (ঙ) ডিপিএম পদ্ধতিতে ক্রয়ে পিপিআর ২০০৮ এর বিধি ৭৪-৭৬ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (চ) প্যাকেজ নং-২৭ (এমআর) এ Auto Disable (AD) Syringe ক্রয়ের ক্ষেত্রে নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করতে হবে-
 - (i) বাজারদর যাচাই কমিটি: নতুন কোন মডেল অথবা আরও উন্নত প্রযুক্তির সিরিঞ্জ বাজারে এসেছে কিনা অথবা নতুন কোন উৎপাদনকারী উৎপাদন করেছে কিনা তা যাচাই করা প্রয়োজন। এ জন্য মন্ত্রণালয়, সিএমএসডি, ডিজিএইচএস এবং সংশ্লিষ্ট বিশেষজ্ঞের সমন্বয়ে একটি কমিটি থাকা প্রয়োজন। ডিজিএইচএস কমিটি গঠন করবে। এ কমিটি বাজারদর যাচাই করবে এবং দেশী-বিদেশী উৎস হতে Proper Document এর ভিত্তিতে মূল্য যাচাই করবে;
 - (ii) মূল্য Negotiation কমিটি: বাজার দর যাচাই কমিটির তথ্যের ভিত্তিতে সরবরাহকারীর সাথে প্রাইস নেগোসিয়েশন ও মূল্য নির্ধারণ করবে;
 - (iii) গুণগতমান যাচাই কমিটি: এ বিষয়ে কারিগরি মতামত দিতে সক্ষম এরূপ ব্যক্তিবর্গের সমন্বয়ে মন্ত্রণালয়, ডিজি-ড্রাগস, ডিজিএইচএস ও ব্যবহারকারীর সমন্বয়ে কারিগরি কমিটি থাকা প্রয়োজন। কারিগরি কমিটির রিপোর্ট ও প্রাইস নেগোসিয়েশন এর প্রতিবেদন মন্ত্রণালয়ে দাখিল করতে হবে এবং এর ভিত্তিতে ক্রয় কাজ সম্পন্ন করা হবে। এ সকল কমিটি ডিজিএইচএস গঠন করবে;
- (ছ) ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম পরিলক্ষিত হলে ক্রয়কারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন।



(মুহাম্মদ শাহাদত খন্দকার)

উপসচিব

ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর
এমএনসিএন্ডএইচ
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (শর্তাবলীর আলোকে কমিটি গঠনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ২। মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। পরিচালক (ভান্ডার ও সরবরাহ), সিএমএসডি, তেজগাঁও, ঢাকা
- ৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৬। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)